

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী

## উচ্চ শিক্ষার মান বাড়াতে বিশ্ববিদ্যালয়গুলোর পরিকল্পনা থাকতে হবে

ঢাকা, ১৮ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্ববিদ্যালয়গুলোতে জ্ঞানচর্চা ও গবেষণা বাড়াতে হবে। নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে সৃষ্ট জ্ঞান জাতির মৌলিক ও বিশেষ সমস্যাগুলোর সমাধান দিতে পারে। এ জন্য বিশ্ববিদ্যালয়গুলোর সে ধরনের পরিকল্পনা থাকতে হবে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সপ্তদশ সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় একথা বলেন। সমাবর্তন অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. মোহাম্মদ ফরাস উদ্দিন এবং উপাচার্য প্রফেসর এম এম শহিদুল হাসান বক্তৃতা করেন। সমাবর্তন বক্তা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ইমেরিটাস ড. আনিসুজ্জামান।

শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশে উচ্চশিক্ষাখাতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো এক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মাঝে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি একটি অগ্রগণ্য বিশ্ববিদ্যালয়, যার সুনাম সমাজের বিভিন্ন স্তরে প্রবেশ করেছে। এরই মধ্যে এ বিশ্ববিদ্যালয় সরকার কর্তৃক নির্ধারিত সকল শর্তসমূহ পূরণ করে স্থায়ী সনদ অর্জন করেছে। তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয় বেসরকারি খাতে উচ্চশিক্ষার একটি রোল মডেল হয়ে দাঁড়িয়েছে, যাকে অনুসরণ করতে পারে অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলো। বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের মাঝে সবচেয়ে বেশি প্রযুক্তিও ব্যবহার করে এ বিশ্ববিদ্যালয়।

শিক্ষামন্ত্রী আরো বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশীদিন চলতে পারবেন না। যারা নীতিমালা অনুসরণ করছেন না তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

সমাবর্তনে শিক্ষামন্ত্রী কৃতী শিক্ষার্থীদের হাতে পদক তুলে দেন।